অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/19/2022 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কের শিশু ও কিশোর-কিশোরীদের মধ্যে টিকা গ্রহণের হার বৃদ্ধির জন্য 6 সপ্তাহব্যাপী 80টি #VAXFORKIDS ভ্যাকসিন পপ-আপ চালুর জন্য গভর্নর হোকলের ঘোষণা

এই সপ্তাহে স্টেটব্যাপী 10টি নতুন ভ্যাকসিন পপ-আপ চালু করা হয়েছে

5 বছর ও তারবেশি বয়সী শিশুদের টিকা গ্রহণ করা এবং কোভিড-19 এর টিকার সুপারিশকৃত ডোজগুলো গ্রহণ করা নিশ্চিত করার জন্য স্টেটের লক্ষ্য অর্জনে সহায়তা করতে সাপ্তাহিক ভিত্তিতে নতুন সাইট ঘোষণা করা হবে

সাইটগুলোর সম্পূর্ণ তালিকা প্রতি সপ্তাহে এখানে আপডেট করা হবে

বাবা-মা ও অভিভাবকরা ny.gov/vaxforkids ওয়েবসাইট থেকে আরো তথ্য জানতে পারবেন; যেখানে #VaxforKids ইভেন্ট আয়োজনকারী সংস্থাগুলো সম্পর্কে তথ্যসূত্র পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক ব্যাপী 6-সপ্তাহ সময়ের মধ্যে 80টি #VaxforKids ভ্যাকসিন পপ-আপ চালু করা হবে, যার মধ্যে এই সপ্তাহে 10টি পপ-আপ সাইট চালু করা হয়েছে। নতুন সাইটগুলো 5 বছর ও তারবেশি বয়সী শিশুদের টিকা গ্রহণ করা এবং কোভিড-19 এর টিকার সুপারিশকৃত ডোজগুলো গ্রহণ করা নিশ্চিত করার জন্য স্টেটের লক্ষ্য অর্জনে সহায়তা করবে। স্টেটের সব অঞ্চলে এসব সাইট প্রতিষ্ঠার জন্য স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) স্থানীয় কর্তৃপক্ষ, কমিউনিটিভিত্তিক সংস্থাসমূহ ও স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর সাথে মাঠ-পর্যায়ে কাজ করছে। যে কমিউনিটিতে সেবা প্রদান করা হচ্ছে সেই কমিউনিটির চাহিদা সবচেয়ে ভালোভাবে পূরণ করার জন্য অংশীদার, আয়োজক কেন্দ্র, ও প্রচার প্রচেষ্টাগুলো লাগসই করা হবে।

"আমাদের শিশুদেরকে টিকা প্রদান করাটা তাদেরকে সুস্থ রাখা এবং হাসপাতালের বাইরে রাখার সবচেয়ে ভালো উপায়," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের #VaxforKids ক্যাম্পেইনটি সরাসরি নিউ ইয়র্কের পরিবারগুলোর কাছে বিনামূল্যে, নিরাপদ টিকা পৌঁছে দেওয়া, এবং বাবা-মা ও অভিভাবকের কাছে তাদের প্রয়োজনীয় সকল আস্থাভাজন ও ডাক্তারদের-সমর্থিত তথ্যসূত্র পৌঁছে দেওয়া নিশ্চিত করার জন্য আমাদের চলমান প্রচেষ্টার সঙ্গে যোগ হচ্ছে। নিউ ইয়র্ক স্টেটে ইতোমধ্যে 1.5 মিলিয়ন শিশু টিকা গ্রহণ করেছে, এবং ছেলেমেয়েরা যোগ্য হওয়ার

পরে তাদেরকে যথাশীঘ্র সম্ভব টিকা ও বুস্টার ডোজ প্রদানের ব্যবস্থা করার জন্য আমি বাবা-মা ও অভিভাবকদেরকে উৎসাহিত করছি।"

নিউ ইয়র্কের 5 - 11 বছর বয়সী শিশুদের মধ্যে টিকা গ্রহণের হার বৃদ্ধি করা এবং 12 - 17 বছর বয়সী কিশোর-কিশোরীদের বুস্টার ডোজ প্রদান করার মাধ্যমে শিশুদের, পরিবারের ও স্কুল কমিউনিটিগুলোর সুস্থতাকে শীর্ষে অগ্রাধিকার দেওয়ার জন্য গভর্নরের অঙ্গীকারাবদ্ধতাকে এগিয়ে নেয়ার উদ্দেশ্যে স্টেট এই #VaxforKids ক্যাম্পেইন চালু করেছে। এখন পর্যন্ত, 1.5 মিলিয়নের বেশি 5 - 17 বছর বয়সী শিশু কোভিড-19 টিকা গ্রহণ করেছে। 18 জানুয়ারি, 2022 তারিখ পর্যন্ত, 5 - 11 বছর বয়সী শিশুদের মধ্যে 34.3% এবং 12 - 17 বছর বয়সী কিশোর-কিশোরীদের মধ্যে 74.3% কমপক্ষে একটি ডোজ গ্রহণ করেছে এবং 5 - 11 বছর বয়সী শিশুদের মধ্যে 23.9% এবং 12 - 17 বছর বয়সী কিশোর-কিশোরীদের মধ্যে 66.1% তাদের প্রাথমিক টিকার সিরিজ সম্পন্ন করেছে।

"আমি নিউ ইয়র্কের বাবা-মা ও অভিভাবকদের প্রতি যথাশীঘ্র সম্ভব তাদের সন্তানদেরকে কোভিড-19 এর টিকা প্রদান করার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি," **বলেছেন স্টেটের ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট।** "আমরা শিশুদের মধ্যে সংক্রমণ ও হাসপাতালে ভর্তি হওয়া ক্রমশ বৃদ্ধি পেতে দেখছি, এবং তাদেরকে সুরক্ষিত রাখার জন্য টিকা প্রদানই সেরা উপায়। কয়েক দশক ধরে জনস্বাস্থ্য খাতের অন্যতম বৃহৎ সাফল্য - টিকা - আমাদের শিশুদেরকে বিপজ্জনক সংক্রমণ থেকে সুরক্ষিত রেখেছে, এবং কোভিড-19 এর টিকা ঠিক একই কাজ করছে। মাঠ পর্যায়ের কমিউনিটিভিত্তিক সংস্থাগুলোর সঙ্গে অংশীদার হয়ে আমাদের #VaxforKids সাইটগুলো সরাসরি নিউ ইয়র্কবাসীদের কাছে টিকা পৌঁছে দিবে - পরিবারগুলো যেখানে আছে সেখানে পৌঁছে যাবে, একটি আস্থাভাজন উপায়ে।"

বাবা-মা এবং অভিভাবকদের যে কোনো প্রশ্নের উত্তর দিতে প্রতিটি সাইটে একজন কমিউনিটি-ভিত্তিক চিকিৎসা পেশাজীবী পাওয়া যাবে। #VaxforKids পপ-আপ সাইটগুলোর প্রতিটির কর্মদিবস নিচে দেওয়া হলো। এই 6-সপ্তাহ সময়কালে প্রত্যেক সপ্তাহে নতুন সাইট ঘোষণা করা হবে। #VaxforKids সাইটগুলোর সম্পূর্ণ তালিকা এখানে পাওয়া যাবে।

নর্থ কান্ট্রি
Peru High School
17 School Street
Peru, NY 12972
খোলা: বুধবার, 19 জানুয়ারি; 3:00 pm - 6:00 pm
টিকার ধরন: ফাইজার-বায়োএনটেক ও মডার্না
নিবন্ধন করার জন্য: 5-11 বছর বয়সীদের জন্য এখানে; 12 বছর ও তারবেশি বয়সীদের জন্য এখানে; বুস্টার ডোজের জন্য এখানে
ইভেন্টের অংশীদার: ক্লিনটন কাউন্টি
বয়স 5+

হাডসন ভ্যাল
Sullivan County Public Health Services
50 Community Lane

Liberty, NY 12754
খোলা: বুধবার, 19 জানুয়ারি; 2:00 pm - 5:00 pm
টিকার ধরন: ফাইজার-বায়োএনটেক
নিবন্ধন করুন এখানে অথবা 845-292-5910 নম্বরে ফোন করুন
ইভেন্টের অংশীদার: সালিভান কাউন্টি
বয়স 12+

সাউদার্ন টিয়ার
Homer Brink Elementary School
3618 Briar Lane #2404
Endicott, NY 13760
খোলা: বুধবার, 19 জানুয়ারি; 4:00 pm - 6:00 pm
(হোমার ব্রিঙ্ক এলিমেন্টারি স্কুলের সদস্যদের জন্য।)
টিকার ধরন: ফাইজার-বায়োএনটেক
ইভেন্টের অংশীদার: ব্রুম কাউন্টি
5-11 বছর বয়সীদের জন্য প্রথম ডোজ; 12+ বছর বয়সীদের জন্য বুস্টার ডোজ

ওয়েস্টার্ন নিউ ইয়র
Niagara Community College Learning Commons
3111 Saunders Settlement Rd.
Sanborn, NY 14132
খোলা: বুধবার, 19 জানুয়ারি; 9:00 am - 3:00 pm
টিকার ধরন: ফাইজার-বায়োএনটেক, জ্যানসেন/J&J, ও মডার্না
নিবন্ধন করার জন্য: 5-11 বছর বয়সীদের প্রথম ডোজের জন্য এখানে, দ্বিতীয় ডোজের জন্য এখানে; 12+ বছর বয়সীদের বুস্টার ডোজের জন্য এখানে; জ্যানসেন/J&J 18+ বছর বয়সীদের জন্য এখানে
ইভেন্টের অংশীদার: নায়াগ্রা কাউন্টি স্বাস্থ্য বিভাগ
বয়স 5+

মোহক ভ্যালি
Family Counseling Center, Inc.
11 Broadway Street
Gloversville, NY 12078
খোলা: বুধবার, 19 জানুয়ারি; 11:00am - 7:00pm
টিকার ধরন: ফাইজার-বায়োএনটেক ও মডার্না
ইভেন্টের অংশীদার: Family Counseling Center
বয়স 5+

সেন্ট্রাল নিউ ইয়র্ক
Marathon Civic Center

16 Brink Street
Marathon, NY 13803
খোলা: বুধবার, 19 জানুয়ারি; 10:00 am - 7:00 pm
টিকার ধরন: ফাইজার-বায়োএনটেক ও জ্যানসেন/J&J
ইভেন্টের অংশীদার: কর্টল্যান্ড কাউন্টি এবং ম্যারাথন ভিলেজ
বয়স 5+

সেন্ট্রাল নিউ ইয়র্ক
Marathon Civic Center
16 Brink Street
Marathon, NY 13803
খোলা: বৃহস্পতিবার, 20 জানুয়ারি; 10:00 am - 7:00 pm
টিকার ধরন: ফাইজার-বায়োএনটেক ও জ্যানসেন/J&J
ইভেন্টের অংশীদার: কর্টল্যান্ড কাউন্টি এবং ম্যারাথন ভিলেজ
বয়স 5+

মোহক ভ্যালি
Fulton County Department of Health
127 East State Street
Gloversville, NY 12078
খোলা: বৃহস্পতিবার, 20 জানুয়ারি; 10:00 am - 6:00 pm
টিকার ধরন: ফাইজার-বায়োএনটেক ও মডার্না
নিবন্ধন করার জন্য: https://booknow.appointment-plus.com/6z7p0e2q/?e_id=3431
ইভেন্টের অংশীদার: ফুল্টন কাউন্টি
বয়স 5+

নর্থ কান্ট্রি
Clinton Community College
158 Clinton Point Drive
প্ল্যাটসবার্গ, NY 12901
খোলা: বৃহস্পতিবার, 20 জানুয়ারি; 10:00 am - 6:00 pm
টিকার ধরন: ফাইজার-বায়োএনটেক ও মডার্না
নিবন্ধন করার জন্য: http://www.clintonhealth.org/covid19vaccine/
ইভেন্টের অংশীদার: ক্লিনটন কাউন্টি
বয়স 5+

সাউদার্ন টিয়ার
St. James Elementary School
143 Main St
Johnson City, NY 13790

খোলা: বৃহস্পতিবার, 20 জানুয়ারি; 4:00 pm - 6:00 pm
(*শুধু সেন্ট জেমস এলিমেন্টারি স্কুলের সদস্যদের জন্য)
টিকার ধরন: ফাইজার-বায়োএনটেক
ইভেন্টের অংশীদার: ব্রুম কাউন্টি
5-11 বছর বয়সীদের জন্য প্রথম ডোজ; 12+ বছর বয়সীদের জন্য বুস্টার ডোজ

পাঁচ বা তার বেশি বয়সী শিশুরা ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকার পাওয়ার যোগ্য। 7 জানুয়ারি, 2022 পর্যন্ত, 12 বা তার বেশি বয়সী কিশোররা তাদের প্রাথমিক টিকা সিরিজ শেষ করার কমপক্ষে পাঁচ মাস পর ফাইজার-বায়োএনটেক টিকার বুস্টার ডোজ পাওয়ার যোগ্য। পাশাপাশি, বিশেষ ইমিউনোকম্প্রোমাইজিং অবস্থাসহ 5 - 11 বছর বয়সী শিশুরা এখন তাদের প্রাথমিক টিকা সিরিজ শেষ করার কমপক্ষে 28 দিন পর ফাইজার-বায়োএনটেক টিকার অতিরিক্ত ডোজ পাওয়ার যোগ্য। পেডিয়াট্রিক প্রোভাইডার, বাবা-মা, ও অভিভাবকদেরকে ny.gov/VaxForKids, ny.gov/Boosters, ny.gov/GetTheVaxFacts, ওয়েবসাইট ভিজিট করতে অথবা স্বাস্থ্য কমিশনারের নতুন PSA এখান থেকে দেখে নেয়ার জন্য উৎসাহিত করা হচ্ছে।

কোভিড-19 টিকা বিনামূল্যে স্টেটে ব্যাপকভাবে পাওয়া যাচ্ছে, এর মধ্যে শিশুদের টিকা প্রদানের জন্য 2,000 স্থান। স্টেটের সব গণ টিকাদান কেন্দ্র পাঁচ বছর ও তারবেশি বয়সী শিশুদের জন্য টিকা, 12 বছর ও তারবেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের জন্য বুস্টার ডোজ, এবং রোগ প্রতিরোধ ব্যবস্থা দুর্বল থাকা পাঁচ বছর ও তারবেশি বয়সী শিশুদের জন্য বাড়তি ডোজ প্রদান করছে। স্টেটের পপ-আপ সাইট ও গণ টিকাদান কেন্দ্রগুলোর পাশাপাশি নিউ ইয়র্কবাসীরা vaccines.gov ওয়েবসাইটে যেতে পারেন, তাদের জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করতে পারেন অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করতে পারেন। এছাড়াও বাবা-মা ও অভিভাবকরা তাদের সন্তানের শিশুরোগ বিশেষজ্ঞ, পারিবারিক চিকিৎসক, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, ফেডারেলভাবে যোগ্যতা অর্জনকারী স্বাস্থ্য কেন্দ্র (FQHC), গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র বা ফার্মেসি, যেগুলো এই বয়সী গ্রুপের জন্য টিকাদান পরিচালনা করছে, তাদের সাথে যোগাযোগ করতে পারেন। নিশ্চিত করুন যে প্রদানকারী ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা প্রদান করছে।

পিতা-মাতা ও অভিভাবকরা তাদের শিশুকে সমস্ত প্রস্তাবিত এবং প্রয়োজনীয় টিকা সম্পর্কে হালনাগাদ রেখেছেন তা নিশ্চিত করতে উৎসাহিত করা হচ্ছে, যার মধ্যে ফ্লু এর টিকা অন্তর্ভুক্ত। অনুগ্রহ করে স্বাস্থ্য দপ্তরের ওয়েবসাইট এ যান সুপারিশকৃত শৈশব এবং কৈশোরের টিকা সম্পর্কে আরও তথ্যের জন্য।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন